

প্রেস রিলিজ

ঢাকা, ১৫ আগস্ট, ২০২১

জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করে সমাজসেবা অধিদপ্তর

আজ ১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করেছে সমাজসেবা অধিদপ্তর। দিবস উপলক্ষে আগারগাঁওস্থ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে এক দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়।

০২. জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত এ দোয়া মাহফিল ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান আহমেদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ আশারাফ আলী খান খসরু এমপি, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সম্মানিত সদস্য জনাব আরমা দত্ত এমপি ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মাহফুজা আখতার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক শেখ রফিকুল ইসলাম।

০৩. সকাল ১১:০৫ টায় সমাজসেবা অধিদপ্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্যদিয়ে জাতীয় শোক দিবসের কার্যক্রম শুরু হয়। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) সৈয়দ মোঃ নুরুল বাসির। সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাদের পক্ষে বক্তব্য রাখেন মোঃ সাফায়েত হোসেন তালুকদার, অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি ও মহাসচিব, বাংলাদেশ সমাজসেবা অফিসার্স এসোসিয়েশন, কর্মচারীদের পক্ষে বক্তব্য রাখবেন জনাব গোলাম ফারুক, চেয়ারম্যান, বাংলাদেশ সমাজসেবা কর্মচারী কল্যাণ সমিতি।

০৪. বিশেষ অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ আশারাফ আলী খান খসরু এমপি বাংলাদেশ নামক স্বাধীন একটি রাষ্ট্র গড়ার পেছনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আত্মত্যাগের কথা স্মরণ করেন। সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সম্মানিত সদস্য জনাব আরমা দত্ত এমপি জাতির পিতার সাথে তাঁর পরিবারের সম্পর্ক ও আবেগের স্মৃতি তুলে ধরেন।

জনগণের প্রতি সরকারি কর্মচারীদের করণীয় ও পালনীয় বিষয়ে জাতির পিতার বক্তব্য তুলে ধরে বক্তব্য রাখেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মাহফুজা আখতার। সভাপতির বক্তব্যে সমাজসেবা অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক শেখ রফিকুল ইসলাম লড়াই-সংগ্রামের বিভিন্ন দিক তুলে ধরেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

০৫. প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান আহমেদ এমপি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শত সংগ্রামের মধ্য দিয়ে, ষড়যন্ত্র উপেক্ষা করে বাংলাদেশের স্বাধীনতা এনে দেন। শত্রুর মুখে চুনকালি মেখে তলাবিহীন ঝুড়ির বাংলাদেশ আজ বঙ্গবন্ধুর কন্যার হাত ধরে উপচেপড়া ঝুড়িতে পরিণত হয়েছে। এ যাত্রা অব্যাহত থাকবে, ষড়যন্ত্র মোকাবেলা করে আমাদের এগিয়ে যেতে হবে। তিনি জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের মাগফেরাত ও মাননীয় প্রধানমন্ত্রীর পরিবারের অন্যান্য সদস্যদের দীর্ঘায়ু কামনায় দোয়ায় অংশ গ্রহণ করেন এবং সমাজসেবা অধিদপ্তর অধীন প্রতিষ্ঠানের শিশুরা জাতির পিতার আত্মার মাগফেরাত কামনায় ৫০ হাজার বার কোরআন খতম করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।

মোহাম্মদ রেজাউর রহমান
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও
গণসংযোগ
সমাজসেবা অধিদপ্তর
ই-মেইলঃ info@dss.gov.bd

বার্তা সম্পাদক/এসসাইনমেন্ট এডিটর/চীফ
রিপোর্টার

.....
.....